



রেজিস্ট্রারের কার্যালয়
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

www.iau.edu.bd iaudhaka@gmail.com

বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

স্মারক নং-ইআবি/রেজি/প্রশা/ ৫৬১১

তারিখ:

০২ আশ্বিন ১৪২৫
০৭ সেপ্টেম্বর ২০১৮

প্রাপক
অধ্যক্ষ

ভাংগী আহমদিয়া ফাজিল মাদরাসা,
মিঠাপুকুর, রংপুর।

বিষয়: প্রস্তাবিত গভর্নিং বডি অনুমোদন প্রসঙ্গে।

- সূত্র : ১. ভাআফডিমা/মিঠা/রং/২০১৭/১১৩/২(১) তাং ২২/০৬/২০১৭
২. অধ্যক্ষ/ভং/৬৮/২০১৭/৫৬ তাং ৩১.০৭.১৭
৩. রিট পিটিশন নং ১৪১৭০/১৭

জনাব,

আপনি এডহক কমিটির সভাপতি ও বিদ্যোৎসাহী প্রতিনিধি মনোনয়নের জন্য ৩১/০৭/২০১৭ ইং তারিখে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য/রেজিস্ট্রার বরাবর আবেদন করেন। অতঃপর বেতন-বিলে স্বাক্ষর ও গভর্নিং বডির নির্বাচন সংক্রান্ত নির্দেশনা চেয়ে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং ১৪১৭০/১৭ দায়ের করেন। মহামান্য হাইকোর্ট ১৬/১০/২০১৭ ইং ও ২৯/১১/২০১৭ ইং তারিখে বেতন-বিলে স্বাক্ষর, গভর্নিং বডির নির্বাচন ও অনুমোদন সংক্রান্ত নির্দেশনা দিয়ে দুটি আদেশ প্রদান করেন। মহামান্য হাইকোর্টের আদেশের আলোকে বিশ্ববিদ্যালয়ের 'আদালতের আদেশ বাস্তবায়ন কমিটি' এর মাধ্যমে বিষয়টি সুরাহা করার নিমিত্ত আপনাদেরকে এতদসংক্রান্ত শুনানীতে উপস্থিত হওয়ার জন্য ০৫/০৪/২০১৮ ইং তারিখ বিশ্ববিদ্যালয় কর্তৃক পত্র প্রেরণ করা হয়। ১০/০৪/২০১৮ ইং তারিখে শুনানীর সময় আদালতের আদেশ বাস্তবায়ন কমিটি জনাব আবু সালেহ মোহাম্মদ জাকারিয়া কে আদালতে তাঁর দাখিলকৃত গভর্নিং বডি অনুমোদনের আবেদন এর অবিকল কপি বিশ্ববিদ্যালয়ে দাখিলের জন্য মৌখিক নির্দেশ দেয়া হয়। নির্দেশ প্রতিপালন না করায় বিশ্ববিদ্যালয় ৩০/০৫/২০১৮ ইং তারিখে জনাব আবু সালেহ মোহাম্মদ জাকারিয়া বরাবর কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করেন। কারণ দর্শানোর নোটিশ পাওয়ার পর জনাব আবু সালেহ মোহাম্মদ জাকারিয়া আদালতে দাখিলকৃত ২২/০৬/২০১৭ ইং তারিখের গভর্নিং বডি অনুমোদন এবং সভাপতি ও বিদ্যোৎসাহী মনোনয়নের আবেদনের অবিকল কপি ২৫/০৭/২০১৮ ইং তারিখে বিশ্ববিদ্যালয়ে জমা দেন। উক্ত আবেদন পর্যালোচনা করে দেখা যায় যে, আবু সালেহ মোহাম্মদ জাকারিয়া গভর্নিং বডির সভাপতি ও বিদ্যোৎসাহী প্রতিনিধি মনোনয়ন নেননি। গভর্নিং বডি অনুমোদনের পূর্বেই বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য কর্তৃক গভর্নিং বডির সভাপতি ও বিদ্যোৎসাহী প্রতিনিধি মনোনয়নসহ ডি.জি ও বা.মা.শি ব, ঢাকা এর নিকট বিদ্যোৎসাহী প্রতিনিধি মনোনয়ন নিতে হয়। মনোনয়নের পর নির্বাচিত ও মনোনীত প্রতিনিধির সম্মুখে প্রথম সভা করে গভর্নিং বডি অনুমোদনের জন্য বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্যের নিকট প্রস্তাব প্রেরণ করতে হয়। তাছাড়া বিশ্ববিদ্যালয়ের জারীকৃত স্মারক নং ইআবি/রেজি:/প্রশাসন-১/২০১৬/১৮১১ ও ইআবি/রেজি:/প্রশাসন-১/২০১৬/১৮১২ তাং ১৭ জুলাই ২০১৬ এ বর্ণিত শর্ত মোতাবেক আবেদন করতে হবে। উল্লেখ্য যে, উপরে বর্ণিত স্মারক মোতাবেক জনাব আবু সালেহ মোহাম্মদ জাকারিয়া গভর্নিং বডি অনুমোদনের জন্য প্রস্তাব প্রেরণ করেননি। (জনাব আবু সালেহ মোহাম্মদ জাকারিয়া প্রস্তাবিত গভর্নিং বডি অনুমোদনের আবেদনের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করেননি)

১. মাননীয় উপাচার্য কর্তৃক গভর্নিং বডির সভাপতি ও বিদ্যোৎসাহী মনোনয়নের কপি।
২. নবগঠিত গভর্নিং বডির প্রথম সভার কার্যবিবরণী।
৩. ডি.জি কর্তৃক বিদ্যোৎসাহী প্রতিনিধির মনোনয়নের কপি।
৪. বিশ্ববিদ্যালয় কর্তৃক সর্বশেষ অধিভুক্তি নবায়নের কপি।

অন্যদিকে প্রস্তাবিত গভর্নিং বডির শিক্ষক প্রতিনিধি, অভিভাবক সদস্য ও দাতা সদস্যের কোন নির্বাচন হয়নি মর্মে ০৭/১২/২০১৭, ১৩/১২/১৭ ও ১৭/১২/১৭ ইং তারিখে শিক্ষক, অভিভাবক সদস্য ও দাতা কর্তৃক নোটারী পাবলিক করা তিনটি এ্যাফিডেভিট পাওয়া যায়। সুতরাং আবু সালেহ মোহাম্মদ জাকারিয়া কর্তৃক দাখিলকৃত গভর্নিং বডি অনুমোদনের আবেদন ফ্রটিযুক্ত হওয়ায় এবং বিশ্ববিদ্যালয়ের অনুসৃত নীতিমালা ও অফিস আদেশ মোতাবেক না হওয়ায় উক্ত আবেদনের ভিত্তিতে গভর্নিং বডির অনুমোদন দেওয়া আইনসিদ্ধ নয়।

রেজিস্ট্রার(ভারপ্রাপ্ত)
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অনুলিপি অবগতির জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, রেড ক্রিসেন্ট বোরাক টওয়ার, ঢাকা।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৩. জেলা প্রশাসক, রংপুর।
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মিঠাপুকুর, রংপুর।
৫. সেকশন অফিসার (আইন ও তদন্ত), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৬. সেকশন অফিসার, উপাচার্য দফতর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. আবু সালেহ মোহাম্মদ জাকারিয়া, ভাংগী আহমদিয়া ফাজিল মাদরাসা।
৮. সংশ্লিষ্ট নথি।
৯. আই.সি.টি, বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।

উপ-রেজিস্ট্রার
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়